

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৬৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন মুসলিম ব্যক্তি কর্তৃক কোন কওমকে ভালবাসার ক্ষেত্রে ভাল নিয়ত থাকলে মহান আল্লাহ তাকে ভাল প্রতিদান দেন আর মন্দ নিয়ত থাকলে মন্দ প্রতিদান দেন

ذِكْرُ إِعْطَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا الْمُسْلِمَ نِيَّتَهُ فِي مَحَبَّتِهِ الْقَوْمَ إِنْ خَيْرًا فَخَيْرٌ وَإِنْ شراً فشر

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا الْمُبَارَكُ بْنُ فَضَالَةَ قَالَ: سَمِعْتُ الْحَسَنَ عَنْ أَنسِ بْنِ مَالِكِ: أَنَّ رَجُلًا قَالَ: يَا نَبِيَّ اللَّهِ مَتَى السَّاعَةُ؟ فَضَالَةَ قَالَ: سَمِعْتُ الْحَسَنَ عَنْ أَنسِ بْنِ مَالِكِ: أَنَّ رَجُلًا قَالَ: يَا نَبِيَّ اللَّهِ مَتَى السَّاعَةُ؟ قَالَ: (أَمَا إِنَّهَا قَائِمَةٌ فَمَا أَعْدَدْتَ لَهَا؟) قَالَ: مَا أَعْدَدْتُ لَهَا كَثِيرَ عَمَلٍ إِلَّا أَنِي أُحِبُ اللَّهَ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (فإنك مع من أحببت ولك ما احتسبت.) وَرَسُولُهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (فإنك مع من أحببت ولك ما احتسبت.) الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 565 ا خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

৫৬৫. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললেন: "হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কিয়ামত কখন সংঘটিত হবে?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "জেনে রাখো, কিয়ামত তো সংঘটিত হবেই। কিন্তু তুমি কিয়ামতের জন্য কী প্রস্তুতি নিয়েছো?" তিনি বলেন: "আমি কিয়ামতের জন্য খুব বেশি আমল প্রস্তুত করতে পারিনি, তবে আমি আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ভালবাসি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি যাকে ভালবাসো, কিয়ামতের দিন তুমি তার সাথেই থাকবে। আর তুমি যে সাওয়াবের আশা করেছো, তা তুমি পাবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২২৬।



হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ৩২৫৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন